
# হত্যা-অস্ত্র মামলায় ডেভিড ইমনসহ পাঁচ আসামির ১০ দিনের রিমান্ড



ডেভিড ইমন। ছবি: সংগৃহীত

চট্টগ্রামের ফটিকছড়ি থানায় দায়ের করা হত্যা ও অস্ত্র মামলায় তালিকাভুক্ত শীর্ষ সন্ত্রাসী ডেভিড ইমনসহ পাঁচ আসামির পাঁচ দিন করে মোট ১০ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

রোববার (২ আগস্ট) সকালে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট-৩ আদালতের বিচারক মোতাসিম বিল্লাহ শুনানি শেষে এ আদেশ দেন।

আদালত সূত্র জানায়, হত্যা ও অস্ত্র—দুই মামলায় ডেভিড ইমনসহ আসামিদের বিরুদ্ধে সাত দিন করে মোট ১৪ দিনের রিমান্ড আবেদন করেছিল পুলিশ। শুনানি শেষে আদালত প্রতিটি মামলায় পাঁচ দিন করে, মোট ১০ দিনের রিমান্ড মঞ্জুর করেন।

এদিকে, হাটহাজারী থানায় দায়ের করা একটি চাঁদাবাজির মামলাতেও ডেভিড ইমনকে গ্রেপ্তার দেখানোর আবেদন মঞ্জুর করা হয়েছে। জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ২য় আদালতের বিচারক লোকমান হাকিম এ আদেশ দেন।

LENS ASIA

প্রসঙ্গত, গত বৃহস্পতিবার (৩০ জুলাই) যশোর থেকে তিন সহযোগীসহ ডেভিড ইমনকে গ্রেপ্তার করে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। চট্টগ্রাম মহানগর ও জেলা পুলিশের তালিকাভুক্ত এই শীর্ষ সন্ত্রাসীর বিরুদ্ধে হত্যা, চাঁদাবাজিসহ একাধিক মামলা রয়েছে। আইনশৃঙ্খলা বাহিনীর তথ্যমতে, অপরাধ জগতে তিনি দুবাইপ্রবাসী সাজ্জাদের ‘সেকেন্ড ইন কমান্ড’ হিসেবে পরিচিত।